

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

31 OCTOBER 2025

7:45—7:55 PM

(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সর্দার বল্লভ ভাই প্যাটেলের দেড়শো বছরের জন্ম জয়ন্তী উপলক্ষে জাতীয় একতা দিবসে গুজরাটের একতা নগর থেকে দেশকে নেতৃত্ব প্রদান/ বরাক উপত্যকার তিন জেলায়ও জাতীয় একতা দিবসের বিশেষ অনুষ্ঠান/

(২)

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তুবিশ্ব শর্মার আজ ২৮৯ কোটি টাকা ব্যয়ে লক্ষ্মীমপুর মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন/

(৩) কেন্দ্রীয় নতুন এবং নবীকরণযোগ্য শক্তি দপ্তরের মন্ত্রী প্রহ্লাদ যোশীর আজ গুয়াহাটিতে নবীকরণযোগ্য শক্তি বিষয়ক একটি আঞ্চলিক কর্মশালার উদ্বোধন/

এবং

(৪) সদ্যপ্রয়াত শিল্পী জুবিন গর্গের ছায়াছবি ‘রৈ রৈ বিনালে’ আজ সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও মুক্তি/

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নাগরিকদের এক জোট হয়ে দেশের প্রগতির জন্যে নিজেদের উৎসর্গ করে বিকশিত ভারতের স্বপ্ন পূরণের আহ্বান জানান । সর্দার বল্লভ ভাই প্যাটেলের দেড়শো বছরের জন্মজয়ন্তীতে গুজরাটের একতা নগরে জাতীয় একতা দিবস উপলক্ষে আয়োজিত সমাবেশে ভাষণ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেছেন যে- ২০১৪ সাল থেকেই নক্সালবাদ এবং মাওবাদী কার্যকলাপ নির্মূল করার জন্য সরকার দৃঢ়প্রতিজ্ঞ হয়েছে । ২০১৪ সালের পূর্বে সমগ্র দেশের প্রায় একশোটি জেলায় মাওবাদী কার্যকলাপের প্রভাব ছিল । তবে বর্তমানে তা মাত্র এগারোটিতে কমিয়ে আনা সম্ভব হয়েছে । তিনি বলেন যে- স্বাধীনতার পর সর্দার প্যাটেল ‘এক ভারত, শ্রেষ্ঠ ভারত’এর

দৃষ্টিভঙ্গীকে মূর্ত করে ৫৫০টিরও বেশি দেশীয় রাজ্যকে একত্রিত করে প্রায় অসম্ভব কাজটি সম্ভব করে তুলেছিলেন। ভারতের স্বকীয় আধ্যাত্মিক এবং সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কে আলোকপাত করে শ্রী মোদী বলেন যে- দ্বাদশ জ্যোতির্লিঙ্গ, শক্তিপীঠ এবং চার ধাম সমূহ জাতির জীবনীশক্তিকে মূর্ত করে তুলেছে। এছাড়া দেশের জনসাধারণকে বিশ্বাসের বন্ধনে বেঁধে রেখেছে। তিনি দেশের ভাষিক বৈচিত্রের প্রশংসা করে বলেন যে- এই বৈচিত্র্যই হচ্ছে দেশের অন্যতম শ্রেষ্ঠ শক্তি। প্রধানমন্ত্রী পক্ষপাতহীন উন্নয়ন এবং দারিদ্র নিরাময়ের ক্ষেত্রে সরকারের সাফল্য সম্পর্কে আলোকপাত করে বিগত দশকে প্রায় ২৫ কোটি লোককে দারিদ্রের কবল থেকে মুক্ত করার ক্ষেত্রে সরকার সক্ষম হয়েছে বলে উল্লেখ করেছেন। শ্রী মোদী একতাকে জাতীয় শক্তির মন্ত্র হিসেবে গ্রহণ করার জন্য প্রত্যেক নাগরিকের প্রতি আহ্বান জানিয়েছেন। এছাড়া তিনি সর্দার প্যাটেলের দৃষ্টিভঙ্গীকে স্মরণ করে একটি শক্তিশালী, উন্নত এবং ঐক্যবদ্ধ ভারত গড়ার পথে একযোগে কাজ করে যাওয়ারও আহ্বান জানান।

আসামেও আজ সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০ তম জন্ম বার্ষিকী জাতীয় একতা দিবস হিসেবে পালন করা হয়। এ উপলক্ষে রাজ্যের বিভিন্ন স্থানে আজ লৌহ মানব সর্দার প্যাটেলকে শ্রদ্ধা নিবেদন করা সহ সকালে একতা দৌড়ের আয়োজন করা হয়। মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা এই দিবস উপলক্ষে সর্দার প্যাটেলের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। মুখ্যমন্ত্রী জাতীয় একতা অক্ষুন্ন রাখার জন্য নিজেকে সমর্পণ করতে সবার প্রতি আহ্বান জানান।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে সর্দার প্যাটেলের জন্ম বার্ষিকী পালন করা হয়। এই দিবস উপলক্ষে আজ শিলচরে জেলা প্রশাসনের উদ্যোগে প্রতীকী ‘ঐক্য পদযাত্রার’ আয়োজন করা হয়। পদযাত্রার মাধ্যমে ভারতের লৌহ মানবের অদম্য চেতনা এবং দেশ গঠনে তাঁর ভূমিকাকে স্মরণ করা হয় এবং তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। পদযাত্রায় সাংসদ পরিমল শুক্লবৈদ্য, রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ, বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই, বিধায়ক দীপায়ন চক্রবর্তী, মিহির কান্তি সোম, নিহার রঞ্জন দাস, জেলা আয়ুক্ত মৃদুল যাদব সহ জেলা প্রশাসনের কর্মকর্তা, বিভিন্ন স্কুল কলেজের ছাত্রছাত্রী, বেসরকারী সংস্থার প্রতিনিধি, ক্রীড়াবিদ, এন এস এস ও এন সি সি’র সদস্যরা অংশগ্রহণ করেন।

এদিকে শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগেও আজ বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে জাতীয় একতা দিবস পালন করা হয়েছে। জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে

আয়োজিত সভায় সহকারী আয়ুক্ত রূপক মজুমদার জাতীয় একতা দিবসের শপথ বাক্য পাঠ করান। সভায় জেলা আয়ুক্ত শ্রীধিবেদী জাতীয় একতা দিবসের প্রাসঙ্গিকতা নিয়ে আলোচনা করেন।

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ জাতীয় একতা দিবস উপলক্ষ্যে হাইলাকান্দি শহরে একতা পদযাত্রার আয়োজন করা হয়। পদযাত্রায় সাংসদ কৃপানাথ মালা, জেলা আয়ুক্ত অভিষেক জৈন, সিনিয়র পুলিশ সুপার অমিতাভ সিনহা, পৌরসভার সভাপতি মানব চক্রবর্তী, জেলা বিজেপি সভাপতি কল্যান গোস্বামী সহ সর্বস্তরের জনগন অংশগ্রহণ করেন। পাশাপাশি সাংস্কৃতিক কার্যসূচী ও যোগ ব্যায়াম সহ আত্ম-সহায়ক গোষ্ঠীর উৎপাদিত সামগ্রীর একটি প্রদর্শনী ও মেলার আয়োজন করা হয়। জাতীয় একতা দিবসের অঙ্গ হিসেবে আগামী তেসোরা নভেম্বর বির্তক ও কুইজ প্রতিযোগীতা, আগামী চৌঠা নভেম্বর স্বচ্ছতা অভিযান, সেমিনার ও কর্মশালা, ১০ই নভেম্বর জেলা পর্যায়ের পদযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ১১ই নভেম্বর স্বচ্ছতা অভিযান চালানো হবে।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ ২৮৯ কোটি টাকা ব্যয়ে লক্ষিমপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের ২০৫ শয্যা বিশিষ্ট সুপার স্পেশালিটি হাসপাতাল এবং নার্সিং কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এর পূর্বে তিনি লক্ষিমপুর ক্যান্সার হাসপাতালের বেশ কয়েকটি বিভাগ জনসাধারণের উদ্দেশ্যে উৎসর্গ করেন। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী বলেন যে এই মেডিক্যাল কলেজটিতে বি এস সি নার্সিং সহ এম এস সি নার্সিং কোর্সের ব্যবস্থা করা হবে। এর জন্য প্রাথমিক প্রস্তুতি শুরু করা হয়েছে বলে তিনি জানান। রাজ্যে আগামী চার পাঁচ বছরের মধ্যে ৩০ টি মেডিক্যাল কলেজ স্থাপন করা হবে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে প্রতি বছর দুটি করে মেডিক্যাল কলেজ স্থাপন করা হচ্ছে। রাজ্য সরকার প্রতি বছর রাজ্যে প্রায় দুহাজার নার্সকে নিযুক্তি প্রদান করছে বলে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা জানান। সুপার স্পেশালিটি হাসপাতালটিতে বেশ কয়েকটি বিভাগ স্থাপন করা হয়েছে বলে উল্লেখ করে তিনি বলেন যে এর জন্য প্রয়োজনীয় অত্যাধুনিক চিকিৎসা সরঞ্জামের ব্যবস্থা করা হবে। এর পর মুখ্যমন্ত্রী আজ ডুমডুমায় আত্মসহায়ক গোষ্ঠীর ১৩ হাজার ৮২২ জন হিতাধিকারীকে মুখ্যমন্ত্রী উদ্যমিতা অভিযানের চেক প্রদান করেন এছাড়া ১৮৩ কোটি টাকা ব্যয় সাপেক্ষে বিভিন্ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রী চা

শ্রমিক প্রোৎসাহন যোজনার অধীনে ২৪দ টি বিদ্যালয় ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ।

কেন্দ্রীয় নতুন এবং নবীকরণযোগ্য শক্তি দপ্তরের মন্ত্রী প্রহ্লাদ যোশী আজ গুয়াহাটিতে নবীকরণযোগ্য শক্তি বিষয়ক একটি আঞ্চলিক কর্মশালার উদ্বোধন করেছেন । নতুন এবং নবীকরণযোগ্য শক্তি মন্ত্রণালয়ের উত্তর-পূর্ব মান্ডলিক শাখার আয়োজন করা এই কর্মশালায় উত্তর পূর্বাঞ্চলের শক্তিমন্ত্রীরা উপস্থিত ছিলেন ।

কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রণালয় পানীয় জল এবং অনাময় বিভাগ, জল জীবন মিশনের অধীনে গ্রামাঞ্চলের জল সরবরাহ বৃদ্ধি এবং উৎসের বহনক্ষমতার নিশ্চয়তা আরো বৃদ্ধি করার জন্য স্থানীয় প্রশাসনকে স বল করে তোলার উদ্দেশ্যে ‘দ্বিতীয় জেলা আয়ুক্ত পানীয় জল সংবাদ’এর জাতীয় পর্যায়ে আলোচনার আয়োজন করেছে । জলশক্তি মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে যে- জাতীয় জল জীবন মিশন’এর মিশন সঞ্চালক এবং অতিরিক্ত সচিব ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে এই আলোচনাকে সম্বোধন করেছেন । জেলা ম্যাজিস্ট্রেট, মিশন সঞ্চালক, রাজ্য তথা কেন্দ্রশাসিত অঞ্চলের প্রবীণ আধিকারিকগণ সহ সমগ্র দেশের আটশো জন প্রতিনিধি এই আলোচনায় অংশ নেন ।

বহু প্রতীক্ষার পর আজ আসাম সহ দেশের বিভিন্ন প্রান্তে আজ সদ্যপ্রয়াত শিল্পী জুবিন গর্গের অন্তিম ছবি ‘রৈ রৈ বিনালে’ মুক্তি পেয়েছে । রাজ্যের বহু স্থানে আজ ভোর চারটা বেজে ২৫ মিনিটে ছবিটির প্রথম শো প্রদর্শিত হয়েছে । আজ ভোরের দিকে বৃষ্টি উপেক্ষা করে ছোট-বড় নির্বিশেষে সব বয়সের লোজন সিনেমা হলগুলিতে ভীড় করেন ।

শিলচর শহরের দুটি প্রক্ষাগৃহেও আজ এই ছায়াছবি মুক্তি পেয়েছে। ছবিটি দেখে দর্শকগণ অশ্রুসিক্ত নয়নে শিল্পীকে স্মরণ করেন । উল্লেখ্য- ‘রৈ রৈ বিনালে’ ছবির কাহিনী জুবিন গর্গের । পরিচালনা করেছেন রাজেশ ভূইঞা । ছবিটিতে জুবিন গর্গ নিজে অভিনয় করেছেন । এছাড়া ভিক্টর ব্যানার্জী সহ বহু নতুন পুরনো অভিনেতা অভিনেত্রীকে এতে দেখা গেছে ।

ডিমা হাসাও জেলার ম্যাজিস্ট্রেট মুনিন্দ্র নাথ নাগাতে এক বিজ্ঞপ্তিতে ভারতীয় ন্যায় সংহিতা সুরক্ষার ১৬৩ ধারার অধীনে জাটিঙ্গা এবং দোয়াং গ্রামে পরিযায়ী পাখি ধরা , পাখি নিধন ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারী করেছেন । বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে যে পাখি ধরা , বধ করা ও পাখিদের ক্ষতি করার জন্য উচ্চ ক্ষমতা সম্পন্ন হেলোজেন লাইট এবং লম্বা খুঁটি ব্যবহার করা যাবে না । বন বিভাগের পক্ষ থেকে ২৪ ঘন্টা পাখিদের সুরক্ষার ব্যবস্থা করা হয়েছে এবং নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহন করা হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।

কথা সাহিত্যিক শরৎ চন্দ্র চট্টোপাধ্যায়ের ১৫০ তম জন্ম বার্ষিকী উপলক্ষে আজ ছাত্র সংগঠন এ আই ডি এস ও , যুব সংগঠন এ আই ডি ওয়াই ও , মহিলা সংগঠন এ আই এম এস এস এবং কমসোমলের কাছাড় জেলা কমিটির যৌথ উদ্যোগে মধ্যসহর সাংস্কৃতিক সমিতির প্রেক্ষাগৃহে এক অনুষ্ঠানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে শরৎচন্দ্রের সাহিত্য , চিন্তাধারা এবং জীবনাদর্শ নিয়ে আলোচনা করা হয় এছাড়া সাংস্কৃতিক অনুষ্ঠানের ও আয়োজন করা হয় ।

শ্রীভূমি জেলা শিল্প ও বানিজ্য কেন্দ্রের উদ্যোগে এবং আসাম স্মল ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডের সহযোগীতায় আগামীকাল থেকে শ্রীভূমি জেলায় পাঁচ দিনের উদ্যোগ সমাগম অনুষ্ঠিত হবে । শ্রীভূমি জেলা শিল্প ও বানিজ্য কেন্দ্রের জেনারেল ম্যানেজার জানিয়েছেন যে আগামীকাল থেকে আগামী ৫ই নভেম্বর পর্যন্ত শ্রীভূমি জেলার নিলামবাজারের স্বামী বিরজানন্দ বিদ্যানিকেতন হাইস্কুলের খেলার মাঠে উদ্যোগ সমাগম অনুষ্ঠিত হবে । সমাগমে সর্বস্তরের জনসাধারণকে উপস্থিত থাকার আহ্বান জানানো হয়েছে ।
